আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মুহরিমদের উদ্দেশে ‘আরাফাতে ভাষণ দিতে শুনেছি। তিনি বলেছেন: যার চপ্পল নেই সে মোজা পরিধান করবে আর যার লুঙ্গি নেই সে পায়জামা পরিধান করবে।

আবদুল্লাহ ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মুহরিমদের উদ্দেশে ‘আরাফাতে ভাষণ দিতে শুনেছি। তিনি বলেছেন: যার চপ্পল নেই সে মোজা পরিধান করবে আর যার লুঙ্গি নেই সে পায়জামা
পরিধান করবে।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা জানালেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মুহরিমদের উদ্দেশে ‘আরাফার দিন ভাষণ দিলেন। তখন তিনি তাদেরকে চপ্পল না থাকা অবস্থায় মোজা পরিধানের অনুমতি দেন। কিন্তু তিনি টাখনুর নিচ পর্যন্ত কাটার কথা উল্লেখ করেন নি। আর যার লুঙ্গি নেই তার জন্য পায়জামা পরিধান করার অনুমতি দেন; তবে সেটা ফারতে বলেন নি; এটি প্রজ্ঞাবান আল্লাহ সুবহানাহু ওয়াতা‘আলার পক্ষ থেকে একটি সহজীকরণ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4532